

পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৯ উদযাপন উপলক্ষে স্থানীয় কর্মসূচি প্রণয়নের জন্য প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	:	এ জেড এম নূরুল হক জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
সভার তারিখ	:	২৬.০৫.২০১৯ খ্রিঃ
সভার সময়	:	দুপুর- ১২.৪৫ ঘটিকা
সভার স্থান	:	জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	:	পরিশিষ্ট- 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতেই পবিত্র ঈদ-উল-ফিতর যথাযথ ধর্মীয় মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে বিগত বছরের ন্যায় উদযাপনের ওপর গুরুত্ব আরোপ করা হয় এবং পবিত্র ঈদ-উল-ফিতর এর গৃহীত কর্মসূচি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা'র ২১ মে ২০১৯ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৫১২.৮২.০১৭.১৬.২১৭ নং পত্রে প্রাপ্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। অতঃপর সভার আলোচ্যসূচি সভায় উপস্থাপন করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চাঁপাইনবাবগঞ্জকে আহ্বান জানানো হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চাঁপাইনবাবগঞ্জ সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনান্তে চাঁপাইনবাবগঞ্জ জেলার স্থানীয় কর্মসূচি হিসেবে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- ১। সূর্যোদয়ের সাথে সাথে সরকারি ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।
 - ২। আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতরের প্রথম জামাত সকাল ৭.৩০ টায় এবং দ্বিতীয় জামাত সকাল ৮.৩০ টায় চাঁপাইনবাবগঞ্জ কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে অনুষ্ঠিত হবে।
 - ৩। সকল হাসপাতাল, কারাগার, সরকারি শিশু পরিবার ও বেসরকারি এতিমখানাসমূহে উন্নতমানের খাবার পরিবেশন করা হবে।
 - ৪। আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে চাঁপাইনবাবগঞ্জ শহরের প্রধান প্রধান সড়ক এবং শহরের গুরুত্বপূর্ণ সরকারি-বেসরকারি ভবন ও ভবন সংলগ্ন এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন করার নিমিত্তে কমিটি গঠনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য মেয়র, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভাকে অনুরোধ করা হলো।
 - ৫। পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে জনসাধারণের চলাচল ও সুস্থ পরিবেশ বজায় রাখার স্বার্থে রাস্তার পার্শ্বে যেন যত্রতত্র গরু/ছাগল জবাই করা না হয় এবং উচ্ছিষ্টগুলো (রক্ত, হাড় ও বর্জ) যেন মাটির নীচে পুঁতে ফেলা হয় সে বিষয়ে প্রচারণাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভাকে অনুরোধ করা হলো।
 - ৬। আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে চাঁপাইনবাবগঞ্জ শহরের প্রধান প্রধান সড়ক ও সড়ক দ্বীপ বাংলা ও আরবী অক্ষরে ঈদ মোবারক লেখা ব্যানার/ফেস্টুন দ্বারা সজ্জিত করার জন্য মেয়র, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভাকে অনুরোধ করা হলো।
 - ৭। কালেক্টরেট শিশু পার্ক ও পৌর পার্ক সজ্জিতকরণ এবং পার্কসমূহ শিশুদের বিনোদনের লক্ষ্যে সার্বক্ষণিক খোলা রাখার জন্য জেলার সকল পৌরসভার মেয়রকে অনুরোধ করা হলো।
 - ৮। চাঁপাইনবাবগঞ্জ কেন্দ্রীয় ঈদগাহের মাঠ পরিষ্কার পরিচ্ছন্নসহ মাঠ প্রস্তুতির জন্য সম্পাদক, চাঁপাইনবাবগঞ্জ কেন্দ্রীয় ঈদগাহ কমিটিকে আহ্বায়ক করে ৩ সদস্য বিশিষ্ট যথাক্রমে (১) জনাব মোঃ তোফিজুর রহমান পুতুল, (২) জনাব মোঃ সাইদুর রহমান ও (৩) জনাব মোঃ ওবাইদুল হক সমন্বয়ে একটি উপকমিটি গঠন করা হলো।
 - ৯। চাঁপাইনবাবগঞ্জ জেলার সকল উপজেলায় পবিত্র ঈদ-উল-ফিতর এর জামাত যাতে সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হতে পারে সে ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসারগণ সংশ্লিষ্ট ঈদগাহ কমিটির সভাপতি/সম্পাদকগণের সাথে যোগাযোগ রেখে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।
 - ১০। জেলা তথা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ উল্লিখিত গৃহীত সিদ্ধান্তসমূহ মাইকযোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।
- অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(এ জেড এম নূরুল হক)

জেলা প্রশাসক

চাঁপাইনবাবগঞ্জ

ফোনঃ ০৭৮১-৫২৩০০ (অফিস)

ফ্যাক্সঃ ০৭৮১-৫১০৩২ (অফিস)

E-mail: dcchapanawabganj@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
(সাধারণ শাখা)
www.chapainawabganj.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭০০০.০০৬.১৯.০০৬.১৮-৩৯৭(২৫)

তারিখঃ ৩০.০৫.২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ০২। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ
- ০৩। মেয়র, চাঁপাইনবাবগঞ্জ/ শিবগঞ্জ/ রহনপুর/ নাচোল পৌরসভা
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/ শিবগঞ্জ/ গোমস্তাপুর/ নাচোল/ ভোলাহাট
- ০৫। জেলা তথ্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
- ০৬। সম্পাদক, চাঁপাইনবাবগঞ্জ কেন্দ্রীয় ঈদগাহ কমিটি, চাঁপাইনবাবগঞ্জ
- ০৭।
-
চাঁপাইনবাবগঞ্জ



(মোঃ আসাদুজ্জামান)

সহকারী কমিশনার

ফোনঃ ০৭৮১-৫২২০২ (অফিস)

E-mail: acgenchapainawabganj@gmail.com